685

III - 26

A. D. S. R. Bhopal(?)
North 24 Pgs
5-2-98.

উইল বা চরম পত্র
................

লিখিতং শ্রী মতী শৈল বালা চক্রবর্তী, স্বামী মৃত জীতেন্দ্র নাথ চক্রবর্তী জাতি হিন্দু, পেশা : গৃহস্থালী, সাং ৪ নং দেশবন্ধু নগর কলোনী, পো: সোদপুর, থানা : খড়দহ, জেলা উত্তর ২৪ পরগণা ।

কস্য উইল বা চরম পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা উত্তর ২৪ পরগণা, থানা খড়দহ, এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস বারাকপুর, পানিহাটি পৌর প্রতিষ্ঠানের এলাকাধীন ১২ নং ওয়ার্ডের ৪ নং দেশবন্ধু নগর কলোনী রোডস্থ ৮১ নং হোল্ডিংভুক্ত ও মৌজা সোদপুর গ্রামে জে :এল নং ৮, টৌ.পি. নং ৭৫, এস. পি. নং ১০৬ নং-ভুক্ত ও বিগত জরীপের ২৮৬ নং দাগে মাপসুরত কমবেশী ৫ কাঠা পরিমিত জমি যাবতীয় ইজমেন্ট সুবিধাসহ সম্পত্তি আমি এত উইল সম্পাদনকারিনী বিগত ইংরাজী ৮.২.১৯৬৮ তারিখে মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার হইতে বিগত ইংরাজী ৮.২.১৯৬৮ তারিখে মোকাম বারাসাত এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৮ নং ভলুম, ২৪৫ হইতে ২৪৮ নং পৃষ্ঠায় [illegible] ১০০৭ নং একলপ্তা অর্পণনামা দলিল বলে প্রাপ্ত হইয়া এবং এত উইল সম্পাদনকারিনীর স্বামীর অর্থে দুইটি শয়ন ঘর, পায়খানা, বাথরুম নির্ম্মান করিয়া

Attested
Additional District Judge
3rd COURT
Barasat, North 24 Parganas

BORO MAA CONSTRUCTION
Partner

( ২ )

উল্লেখিত সম্পত্তিতে অত্র উইল সম্পাদনকারিনী ষোলআনা রকমে মালিক চিহ্নিত থাকেন । তৎপরে তাঁহার স্বামী জীতেন্দ্র নাথ চক্রবর্তী মহাশয় ইংরাজী ২২.১২.১৯৮১ তারিখে পরলোক গমন করেন । আরও প্রকাশ থাকে যে আমার দুই পুত্র ও চার কন্যা বর্তমান । জ্যেষ্ঠ পুত্র শ্রী দিলীপ কুমার চক্রবর্তী বিবাহিত ও প্রায় ২৫ বৎসর পূর্বে আমার গৃহ ছাড়িয়া অন্যত্র পৃথকভাবে বসবাস করিতেছে এবং কখনই আমার বা আমার স্বামীর প্রতি সে কিছু করে নাই । এজন্য তাহার প্রতি আমি অত্যন্ত দুঃখ । আমার পুত্র হইলেও তাহার কোন ক্ষতি হউক এ কামনা করি না কিন্তু আমার সম্পত্তির কিছু পাইবে ইহার সমীচেন নহে । সুতরাং অত্র সম্পত্তি হইতে আমার জ্যেষ্ঠ পুত্র শ্রী দিলীপ কুমার চক্রবর্তী-কে সম্পূর্ণ বঞ্চিত করিলাম । আমার অপর পুত্র শ্রী মান দীপক কুমার চক্রবর্তী আমার নিকট বসবাস করিতেছে এবং সে নিজ উপার্জনে উক্ত সম্পত্তিতে পাকা দ্বিতল গৃহ নির্মান করিয়াছে এবং এক কন্যা অমিতা চক্রবর্তী-এর বিবাহকালে যাবতীয় খরচ পত্রাদি আমার পুত্র শ্রী দীপক কুমার চক্রবর্তী বহন করিয়াছে এবং এযাবৎকাল সংসারের যাবতীয় ব্যয় নির্বাহ করিয়া চলিয়াছে । আরও প্রকাশ থাকে আমার এক অনূঢ়া কন্যা অনিতা চক্রবর্তী বর্তমান । যতদিন তাহার বিবাহ না হয় ততদিন তাহার যাবতীয় ভরন পোষোনের দায়িত্ব ও তাহার উপযুক্ত বিবাহের বন্দোবস্ত ও যাবতীয় খরচ পত্রাদি আমার উক্ত পুত্রই শ্রী দীপক কুমার চক্রবর্তী বহন করিবে । আমার অপরাপর দুই কন্যা শ্রী মতী দিপালী চাটার্জী স্বামী শ্রী সত্যব্রত চ্যাটার্জী ও শ্রীমতী অরিনা ব্যানার্জী স্বামী শ্রী দুলাল ব্যানার্জী বিবাহিতা ও তাহার তাহাদের স্ব স্ব স্বামীগৃহে সুখে কালাতিপাত করিতেছে এবং ঈশ্বরের কৃপায় তাহারা সুখে শান্তিতে বসবাস

পাতা...৩।

Attested
Additional District Judge
3rd COURT
Barasat, North 24 Parganas

BORO MAA CONSTRUCTION
Partner

( ৩ )

করুক - ইহাই আমার প্রার্থনা। এজন্য আমার কন্যাগণ-কে আমার সম্পত্তি দিবার প্রয়োজন বোধ করি না। আশা রাখি আমার কনিষ্ঠ পুত্র শ্রী মান দিপক কুমার কুমার চক্রবর্তী আমার জীবনকালতক আমাকে দেখাশুনা ভরন পোষণ ইত্যাদির দায়ভার বহন করিবে। সেই সঙ্গে আমার বর্তমান অনুঢ়া কন্যার প্রতি যাবতীয় দায় দায়িত্ব পালন করিবে। এই সকল কথা চিন্তা করিয়া ভবিষ্যতে যাহাতে আমার উক্ত উল্লেখিত সম্পত্তি লইয়া বিবাদ না ঘটে তজ্জন্য এই উইলসম্পাদনে এতে নির্দেশ দিয়া যাইতেছি যে আমার মৃত্যুর পর আমার উক্ত উল্লেখিত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমার পুত্র শ্রী দীপক কুমার চক্রবর্তী কেবল মাত্র প্রাপ্ত হইবে এবং তৎপূর্বে এই উইল উপযুক্ত আদালতে পেশ করতঃ প্রবেট গ্রহণ করিবে। আরও প্রকাশ থাকে যে আইন মোতাবেক আমার উক্ত পুত্র শ্রীমান দীপক কুমার চক্রবর্তী এই উইলের প্রবেট গ্রহনান্তে সম্পত্তির উপযুক্ত মালিক চিহ্নিত হইয়া তাহার নিমিত্ত নিজ নামে স্থানীয় পানিহাটি পৌর প্রতিষ্ঠানে ও অন্যান্য সেরেস্তায় পত্তনে খার্য্য ট্যাক্স ও খাজনাদী প্রদানে সর্ব প্রকার হস্তান্তরকরনের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামতে ব্যবহারে চিরকাল পরম সুখে ভোগদখল বা ব্যবহার করিতে থাকিবে, তাহাতে কেহ কখনও কোন প্রকারের দাবি দাওয়া বা ওজরাপত্তি করিবে না, দাবি দাওয়া করিলেও তাহা সর্বত্র সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর গণ্য হইবে।

এই উইলের প্রবেট গ্রহনের জন্য আমার কনিষ্ঠ পুত্রবধূ শ্রীমতী কাকলি চক্রবর্তী স্বামী শ্রী দীপক কুমার চক্রবর্তী-কে এই উইলের এক্সিকিউটার নিযুক্ত করিলাম। আমার জীবনান্তে শ্রীমতী কাকলি চক্রবর্তী এই উইলের এক্সিকিউটার হিসাবে

Attested
Additional District Judge
3rd COURT
Barasat, North 24 Parganas
BORO MAA CONSTRUCTION
Partner

এত উইলের উপযুক্ত প্রবেট গ্রহণ করিবে ।

ইতিপূর্বে আমি আর কোন উইল সম্পাদন করি নাই । ইহাই আমার শেষ বা চূড়ান্ত উইল । এত উইলে লিখিত সকল কার্যাদি আমার জীবনান্তে বলবৎ ও ফলবৎ হইবে । আরও প্রকাশ থাকে যে আমার জীবনান্তে আমার যাবতীয় উক্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তিতে আমার কনিষ্ঠ পুত্র শ্রী দীপক কুমার চক্রবর্তী কেবল মাত্র প্রাপ্ত হইবে । আমার উক্ত সম্পত্তি উক্ত পুত্র ব্যতিরেকে আমার অপরাপর পুত্র বা কন্যাগণ কেহ পাইবে না বা তাহাদের কোন দাবি চলিবে না । ইহাই আমার একান্ত ইচ্ছা ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে সজ্ঞানে অন্যের বিনানুরোধে কাহারও প্রভাবে প্রভাবিত না হইয়া এত উইলে লিখিত সকল কথার সম্যক অর্থ বুঝিয়া এত উইলে নিজ-নাম স্বাক্ষর করিলাম । ইতি তাং ইংরাজী ৫.২.১৯৯৮ বাংলা ২২শে মাঘ ১৪০৪ সন ।

তপশীলভুক্ত সম্পত্তির বিবরন
**********************

জেলা উত্তর ২৪ পরগণা, থানা খড়দহ, এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস ব্যারাকপুর, পানিহাটি পৌর প্রতিষ্ঠানের ১২ নং ওয়ার্ডের ৪ নং দেশবন্ধু নগর কলোনীস্থ ৮৯ নং হোল্ডিংভুক্ত ও মৌজা সোদপুর গ্রামে জে.এল নং ৮, ই.পি নং ৭৫, এস.পি.নং ১৩৬, বিগত জরীপের ২৮৬ দুই শত খতিয়ানী নং দাগে

Attested

Additional District Judge
3rd COURT
Barasat, North 24 Parganas

BORO MAA CONSTRUCTION
Partner

OF THE DISTRICT JUDGE ... AUG 1993 ... PARGANAS

( ৫ )

তথা দঃ ইংতে ছিয়াশী নং দাগে মাপসুরত ৫ ( পাঁচ) কাঠা পরিমিত জমি

যায় তদুপরিস্থিত দ্বিতল পাকাপোক্ত গৃহাদিসহ সমুদায়পাট সম্পত্তি এতদ্বারা

উইল ভুক্ত সম্পত্তি হইয়াছে ।

আমি নিরক্ষর, উক্ত উইল
আমাকে পাঠ করিয়া শুনানো হইল
এবং আমার নির্দেশমত উক্ত উইল
লিখিত হইয়াছে জানিয়া উইলে
নিজ নাম টিপ সহি দিলাম ।

শ্রীমতী শৈলবালা চক্রবর্তী
বঃ অনিতা চক্রবর্তী

উক্ত উইল পাঠ করিয়া সম্পাদনকারিনিকে
শুনাইয়া ও বুঝাইয়া দিলাম
অনিতা চক্রবর্তী
উইল মুসাবিদাকারক ও টাইপকারক

ইসাদি

১। অনিতা চক্রবর্তী
৪ নং দেশবন্ধু নগর কলোনী, সোদপুর
উঃ ২৪ পরগনা, থানা - খড়দহ
২। অমিতাভ চক্রবর্তী
দেশবন্ধু নগর, কলোনী, সোদপুর
উঃ ২৪ পরগনা, থানা খড়দহ
৩। সুভাষ ...
... দেশবন্ধু নগর, সোদপুর, ২৪ পরগনা
৪) Sahajan Mukherjee
5/2/98
Secretary
No-4, DESHBANDHU NAGAR COLONY
Plot Holders Committee
Sodepur, 24-Parganas

Attested
Additional District Judge
3rd COURT
Barasat, North 24 Parganas

BORO MAA CONSTRUCTION
Partner